

Model Question : ClassXI: Bengali : 80 Marks : 2020-21

বিভাগ-ক

প্রতিটি প্রশ্নের মান

1x20 = 20

I) সঠিক উত্তরটি লেখো :

1x5

১) ‘ফুল্লরার বারমাস্যা’ কবিতাটির উৎস গ্রন্থের নাম —

ক) মনসামঙ্গল (খ) চন্দ্রীমঙ্গল (গ) ধর্মমঙ্গল (ঘ) অন্নদামঙ্গল

২) নসীবাবুর পুত্রের অকাল মৃত্যু হয়েছিল —

ক) বসন্তের রাতে (খ) শীতের রাতে (গ) বর্ষার রাতে (ঘ) উৎসবের রাতে।

৩) শিবনাথ টুনিকে পঁচিশ টাকা পাঠাতেন —

ক) প্রতিমাসে (খ) প্রতিসপ্তাহে (গ) প্রতি তিন মাসে (ঘ) প্রতি বছরে।

৪) ‘মুকুট’ নাটকে যুবরাজের নাম—

ক) অমর মাণিক্য (খ) চন্দ্রমাণিক্য (গ) ইন্দ্রকুমার (ঘ) রাজধর

৫) চর্যাপদ আবিষ্কৃত হয়েছে —

ক) ১৯০৭ খ্রিষ্টাব্দে (খ) ১৯০৮ খ্রিষ্টাব্দে (গ) ১৯০৯ খ্রিষ্টাব্দে (ঘ) ১৯১০ খ্রিষ্টাব্দে।

II) এক-একটি পূর্ণাঙ্গা বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও :

1x16

৬) “ ———— কর্মধারা ধায়” — কোথায় কর্মধারা ধায়?

৭) “ হে বজা! ভাঙারে তব বিবিধ রতন,” — কোন্ ভাঙারের কথা বলা হয়েছে?

৮) নসীবাবুর তালুকের খাজনা এলে কী হয় ?

৯) লেখক এস ওয়াজেদ আলি কত বছর আগে কলকাতায় এসেছিলেন?

১০) শিবনাথদের ক্লাবের নাম কী?

১১) পর্দাটা থেমে গেছে, তবুও কার দুলুনি থামছে না?

১২) শিবনাথের ছেলের বউ এর নাম কী?

১৩) পূর্ণিমা রাতে বাঘ কোন্ নদীতে জল খেতে আসে?

১৪) ইন্দ্রকুমার কার সামান্য অনাদর সহিতে পারে না?

১৫) কোন্ দেশের রাজার সঙ্গে মহারাজের যুদ্ধের মতলব আছে?

১৬) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের কয়টি খন্ড ?

১৭) কাকে ‘মৈথিল কোকিল’ নামে অভিহিত করা হয়?

১৮) চন্দ্রীমঙ্গল কাব্যধারার সর্বশ্রেষ্ঠ কবির নাম কী?

১৯) ‘উপমা’ অলংকার কাকে বলে?

২০) ‘জীবে দয়া তব পরম ধর্ম জীবে দয়া তব কই?’ — উদ্ভূত পংক্তিটিতে কোন্ অলংকার প্রয়োগ করা হয়েছে?

বিভাগ-খ

প্রতিটি প্রশ্নের মান 3 (৮০ শব্দের মধ্যে)

3x4=12

২১) “ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত” — কবি ‘ভারতেরে’ কোন্ স্বর্গে জাগরিত করার কথা বলেছেন?

২২) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘স্বাদেশিকতা’ প্রবন্ধ অবলম্বনে হিন্দুমেলায় সংক্ষিপ্ত বর্ণনা দাও।

২৩) উদাহরণসহ রূপক অলংকারের সংজ্ঞা দাও।

২৪) অনুপ্রাস অলংকার কাকে বলে? একটি উদাহরণ দাও।

বিভাগ-গ

প্রতিটি প্রশ্নের মান ৬ (১৫০ শব্দের মধ্যে)

6x7=42

২৫) “আচ্ছাদন নাহি অঙ্গে পড়ে মাংস জল।

কত মাছি খায় অঙ্গে করমের ফল।।”

ক) উদ্ভূতাংশটি কোন্ কবিতার অংশ? (খ) বক্তা কে? (গ) উদ্ভূতাংশটির প্রসঙ্গ আলোচনা কর।

1+1+4

অথবা

“..... পাইলাম কালে

মাতৃভাষা-রূপে খনি, পূর্ণ মনিজালে।”

ক) কোন্ কবির এই আত্মতৃপ্তি? (খ) ‘মাতৃভাষা-রূপে খনি’ বলেছেন কেন?

গ) ‘পাইলাম-কালে’ বলার কারণ কী?

1+2+3

২৬) “পাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাস ————— ”

ক) উদ্ভূতাংশটির উৎস নির্দেশ করো।

খ) কে, কাকে একথা বলেছে?

গ) প্রসঙ্গসহ উদ্ভূতাংশটির অর্থ বুঝিয়ে দাও।

1+2+3

অথবা

‘প্রার্থনা’ কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

২৭) ক) ‘বসন্তের কোকিল’ প্রবন্ধটির রচয়িতা কে?

খ) প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

গ) প্রবন্ধটির মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

1+1+4

অথবা

‘সেই tradition’ সমানে চলছে,”

ক) কার লেখা, কোন রচনার অন্তর্গত?

খ) লেখকের অনুসরণে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

2+4

২৮) ক) ‘স্বাদেশিকতা’ প্রবন্ধটি কার রচিত? (খ) মূল গ্রন্থটির নাম লেখো।

গ) প্রবন্ধটিতে লেখক স্বদেশ প্রেমের যেসব নির্দেশনের উল্লেখ করেছেন তা সংক্ষেপে বর্ণনা করো।

1+1+4

অথবা

‘ভারতবর্ষ’ নামক গল্পে বর্ণিত রামায়ণ পাঠক বৃন্দ চরিত্রটির বিস্তৃত পরিচয় দাও।

২৯) “মানুষ হয়েছে ছেলে, আশাতীত হয়েছে।”

ক) কে, কার সম্পর্কে এমন ভেবেছে?

খ) ‘আশাতীত’ মানুষ হওয়ার মধ্যে কী ইজিত করা হয়েছে?

অথবা

‘শিবনাথ দুজনকে এক করে ভাবেন।’

ক) শিবনাথ কে?

খ) ‘দুজন’ বলতে কাদের কথা বলা হয়েছে?

গ) কেন শিবনাথ ‘দুজনকে’ এক করে ভাবেন?

1+1+4

৩০) “নিজের সম্মান আমি নিজেই রাখতে পারব।”

ক) উক্তিটি কার?

খ) কোন্ প্রসঙ্গে এই উক্তি?

গ) বক্তার চরিত্রের কোন্ দিকটি এখানে প্রস্ফুটিত হয়েছে?

1+2+3

অথবা

“তোমার হাত থেকে এ পুরস্কারের অপমান গ্রহণ করবে কে?”

ক) কে, কাকে এই উক্তিটি করেছে?

খ) উল্লিখিত পুরস্কারটিকে অপমানজনক বলে নিন্দিত করা হয়েছে কেন?

2+4

৩১) রামায়ণ অনুবাদক কৃত্তিবাস ওঝার কৃতিত্ব সংক্ষেপে আলোচনা কর।

অথবা

দৌলত কাজির কবি প্রতিভা সংক্ষেপে আলোচনা কর।

বিভাগ-ঘ

নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দাও ২০০ শব্দের মধ্যে :

গার্হস্থ্য হিংসার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে কোনো বাংলা সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র রচনা করো। 6

অথবা

প্রদত্ত সংকেত অনুসারে একটি গল্প রচনা করো :

দুর্ঘটনাগ্রস্ত হয়ে এক ভদ্রলোক রাস্তায় পড়ে রইলেন — অনেকে মোবাইলে ছবি তুললেন— হাসপাতালে নিয়ে গেলেন না কেউ — রিকশাওয়ালা লোকটিকে হাসপাতালে নিয়ে তার বাড়িতে খবর দিলেন।